

ইডেন কলেজ থেকে
আরো জিহাদি
কাগজপত্র উদ্ধার
এক ছাত্রীর সিট বাতিল
■ সাহিদুর রহমান
ইডেন কলেজ থেকে আরো কিছু জিহাদি কাগজপত্র, ইসলামী ছাত্র সংস্থার খাতা ও হিবুত তাহরির সরকার বিরোধী লিফলেট উদ্ধার করা ০০ এরপর পৃষ্ঠা ২, কলাম ৩

ইডেন কলেজ থেকে
প্রথম পৃষ্ঠার পর
হয়েছে। গত তত্ত্বাবধায় কলেজের ছাত্রীরা বেগম রাজিয়া হলের ৩০৫ নম্বর কক্ষ থেকে এসব উদ্ধার করে। একই সপ্তাহে সপ্তম কক্ষ থেকে ইশরাত জাহান নামে (পশিত ওর্থ বর্ষ) ইসলামী ছাত্রী সংস্থার সদস্য এক ছাত্রীকে সাধারণ ছাত্রীরা আটক করে। গতকাল শনিবার দুপুরে সাধারণ ছাত্রীরা কলেজের অধ্যক্ষের কাছে আটক ছাত্রীকে হস্তান্তর করে।
কলেজটির অধ্যক্ষ মাহমুদা চৌধুরী সাংবাদিকদের বলেন, লাগেনের ছবি ও ছাত্রী সংস্থার কাগজপত্রসহ ইশরাত জাহান নামের ছাত্রীকে সাংবাদিকদের সামনে হস্তির করা হয়। ইডেন কলেজকে কেন্দ্র করে ইসলামী ছাত্রী সংস্থা ও হিবুত তাহরির ঘাণি গাড়তে চায়। ইশরাত জাহান নিজেকে ছাত্রী সংস্থার সাবেক কর্মী উল্লেখ করে বলেন, এখন তার সাথে ছাত্রী সংস্থার কোন যোগাযোগ নেই। আর হিবুত তাহরির কোন কার্যক্রমের সাথে তিনি জড়িত নন।
মাহমুদা চৌধুরী বলেন, বেশ কিছুদিন যাবৎ কলেজ ক্যাম্পাস ও হোস্টেলে ছাত্রী সংস্থা ও হিবুত তাহরির কার্যক্রম চলাচ্ছে বলে আমাদের নিকট অভিযোগ আসছিল। এর পরিস্থিতিতে বৃহস্পতিবার কলেজের সবতলশু গেট বন্ধ করে ক্যাম্পাস ও ৫টি আবাসিক হলে তল্লাশি চালানো হয়। এতে বিপুল সংখ্যক লিফলেট, প্রায় দুই হাজার জিহাদী বই উদ্ধার করা হয়। এছাড়া নাযাজ-ঘর থেকে পোড়ার ও ব্যানার শেষার উপকরণসহ বিভিন্ন কাগজপত্র উদ্ধার করা হয়। বইগুলোর অধিকাংশের লেখক হচ্ছেন মওদুদী, গোলাম আজম, নিজামী ও সাহিদুর মতো লেখকরা। এর মধ্যে লগ্নেনের শেষা কয়েকটি অননুদিত বইও রয়েছে। জরি তৎপরতায় জড়িত থাকার অভিযোগে কলেজ কর্তৃপক্ষ ইশরাত জাহানের সিট বাতিল করে। পরে মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দেয়া হয়।
গত তত্ত্বাবধায় উদ্ধারকৃত লিফলেট হিবুত তাহরির উলাইয়াহ বাংলাদেশের নামে ছাপানো হয়। এতে 'শেখ হামিদুল জারত-মার্কিনের দালাল', 'শিশুখানা হত্যাকাণ্ডের সহযোগী' আখ্যা নিয়ে তার সরকারের অপসারণের ডাক দেয়া হয়।
এতে বলা হয়, হিবুত তাহরির যে সকল দেশে কার্যক্রম পরিচালনা করে প্রতিটি দেশেই একটি নির্বাচিত সিদ্ধান্ত গ্রহণকারী কমিটি গঠন করা হয়, যাকে উলাইয়াহ বলে। সত্যি বাংলাদেশেও প্রথমবারের মত একটি নির্বাচনের মাধ্যমে উলাইয়াহ কমিটি গঠন করা হয়। লিফলেটে ৫ ফেব্রুয়ারি তারিখ দেয়া রয়েছে। ইডেন কলেজে ৫টি ছাত্রী হল রয়েছে। এগুলো হচ্ছে- খোদেজা বাবুন হল, হাসনা বেগম হল, আয়েশা সিকিা হল, বেগম জেনুত্রেনা হল ও রাজিয়া বেগম হল।
ইডেন কলেজে জামায়াতে ইসলাম সমর্থিত ইসলামী ছাত্রী সংস্থার পতিশালী কার্যক্রমের সন্ধান পেয়েছে পুলিশ। গত বৃহস্পতিবার পুলিশ কলেজের ৫টি হোস্টেলে অভিযান চালিয়ে যে ৬ বক্স লিফলেট উদ্ধার করেছে তা জব্দ করে নেমে সরকারের গোয়েন্দা সংস্থার মধ্যে চাক্ষুশ্যের সৃষ্টি হয়েছে। লালবাপ খানার জনি মোহাম্মদ আলী জানিয়েছেন, হোস্টেলের বিভিন্ন কক্ষ ইসলামী ছাত্রী সংস্থা তাদের সাংগঠনিক কার্যক্রম চালায়। ৫ ৫টি হোস্টেলের সাধারণ ছাত্রীরা জানিয়েছে, ইসলামী ছাত্রী সংস্থার গোপন কার্যক্রমে তারা আতঙ্কিত হয়েছে।